যদি তুমি মুসলিমদের গুপ্ত দোষগুলো খুঁজে বেড়াও, তাহলে তুমি তাদেরকে নষ্ট করে দিবে অথবা তাদেরকে নষ্ট করার উপক্রম করবে।

মু‘আওয়িয়াহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যদি তুমি মুসলিমদের গুপ্ত দোষগুলো খুঁজে বেড়াও, তাহলে তুমি তাদেরকে নষ্ট করে দিবে অথবা তাদেরকে নষ্ট করার উপক্রম করবে।”
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

যদি তুমি মুসলিম ভাইদের বিবিধ অবস্থার গোয়েন্দাগিরি করে তাদের দোষগুলো বের কর, তাদের অপরাধগুলোর অনুসন্ধান চালাও এবং তাদের দোষ-ত্রুটিগুলোর ছিদ্রান্বেষণ কর, যা তারা লুকাতো, অথচ তুমি সেগুলো প্রকাশ করে দাও, তাহলে তুমি তাদেরকে অপমানিত করলে এবং তাদের গোপনীয় বিষয়গুলো খুলে দিলে, যার ফলে তাদের লজ্জা কমে যাবে এবং এ ধরনের অপরাধ তারা প্রকাশ্যে করার সাহস করবে, অথচ পূর্বে তারা গোপনে তা করছিল, তখন তাদের এ অপরাধ আল্লাহ ছাড়া কেউ জানতো না।

http://www.sunnah.global/hadeeth/bn/show/8879